



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দফতর

www.iau.edu.bd iau.exam.certificate@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং: ইআবি/প.নি/সনদ-নীতিমালা/২০১৯/৪১৬

তারিখ: ০৯/০৯/২০২৪ খ্রি

সাময়িক সনদ ও নম্বরপত্র উত্তোলনের জন্য অনলাইন

আবেদনের নিয়মাবলী

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক পরিচালিত বিভিন্ন একাডেমিক প্রোগ্রামের চূড়ান্ত পরীক্ষায় যারা কৃতকার্য হয়েছেন তাদের মধ্যে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। চাকুরী, উচ্চশিক্ষাসহ বিশেষ প্রয়োজনে জরুরি ভিত্তিতে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে-

১. জরুরি ভিত্তিতে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলনের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.iau.edu.bd) "সেবাসমূহ → সনদ ও নম্বরপত্রের আবেদন" মেনুতে ক্লিক করে অনলাইন ফরম পূরণ করত: স্ব স্ব আবেদন সাবমিট করার জন্য অনুরোধ করা হলো।
২. মোবাইলে SMS প্রাপ্তির পর সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় ডাউনলোডকৃত অনলাইন আবেদন ফরম এবং অনলাইন আবেদনের "Attachments" যুক্ত (রেজিস্ট্রেশন কার্ড, প্রবেশপত্র, Combined Grade Sheet, জাতীয় পরিচয়/জন্মনিবন্ধন এর ফটোকপি এবং টাকা জমার রসিদ) সংযুক্তিসমূহ জমা দিতে হবে।
৩. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের "পেমেন্ট → ছাত্রসেবা" অপশনে বিদ্যমান নির্ধারিত ডিপোজিট স্লিপের মাধ্যমে অগ্রণী ব্যাংকের যে কোন শাখায় টাকা জমা দেওয়া যাবে (একাডেমিক ট্রান্সক্রিপ্ট বাবদ ইতোপূর্বে ফরম পূরণের সময় ফি জমা নেওয়া হয়েছে বিধায় পূর্ণরায় ফি জমা দেওয়ার প্রয়োজন নাই)।
৪. সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় মূল প্রবেশপত্র এবং রেজিস্ট্রেশন কার্ড অবশ্যই প্রদর্শন করতে হবে নতুবা সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রদান করা হবে না।
৫. আবেদনপত্রের ছবির স্থানে মাদরাসার অধ্যক্ষ এমনভাবে স্বাক্ষর ও সীল প্রদান করবেন যেন স্বাক্ষর ও সীল মোহরের কিছু অংশ ছবির উপরে থাকে।
৬. দ্বি-নকল/ ত্রি-নকল মূল সনদ/ সাময়িক সনদ/ একাডেমিক ট্রান্সক্রিপ্টের জন্য 'জাতীয় দৈনিক পত্রিকায়' হারানো বিজ্ঞপ্তিসহ নিকটস্থ থানায় জিডি ও সংশ্লিষ্ট অধ্যক্ষের সুপারিশসহ পৃথকভাবে আবেদন করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের সাথে জিডির মেইন কপি ও পত্রিকাটি জমা দিতে হবে। সনদের উপর দ্বি-নকল/ত্রি-নকল সীল মুদ্রিত থাকবে।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সাময়িক সনদ অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট ভেরিফিকেশন বা সত্যায়িত করার জন্য নির্ধারিত ডিপোজিট স্লিপের মাধ্যমে অগ্রণী ব্যাংকের যে কোন শাখায় টাকা জমা প্রদান পূর্বক পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর আবেদন করতে হবে এবং যাচাই-বাচাই করে ২য় কর্ম দিবসে সেবা প্রদান করা হবে।
৮. নাম সংশোধনের ক্ষেত্রে :
***নোটারী পাবলিক কর্তৃক এফিডেভিট, ফাজিল হলে আলিম এবং কামিল হলে ফাজিল পরীক্ষার মূল সনদ/নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
৯. সংশ্লিষ্ট পরীক্ষার্থীই কেবল নিজের সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলন করতে পারবে। তবে যথাযথ যুক্তিসঙ্গত কারণে শিক্ষার্থীর অনুপস্থিতিতে অন্য কেউ শিক্ষার্থীর পক্ষে সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট উত্তোলন করতে আসলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক মাদরাসার নিজস্ব প্যাডে প্রদত্ত ক্ষমতা অর্পণ পত্র অবশ্যই নিয়ে আসতে হবে এবং উক্ত ক্ষমতা অর্পণপত্রে গ্রহণকারী ব্যক্তির ছবি ও স্বাক্ষর সত্যায়িত থাকাসহ জাতীয় পরিচয় পত্র অনুযায়ী পরিচয় এবং শিক্ষার্থীর সাথে তার সম্পর্ক উল্লেখ থাকতে হবে।
১০. অনলাইন আবেদন করার সময় কোন সমস্যা হলে জরুরি প্রয়োজনে ০১৫৬৮ ০৮৬৩৮০ /০১৮৪২ ৮১৬৯২০ নাম্বারে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

সাময়িক সনদ ও একাডেমিক ট্রান্সক্রিপ্ট প্রস্তুত করা হলে গ্রহণের সময় ও তারিখ এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে।

(এ, কে, এম আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

ই-মেইল: iau.exam.certificate@gmail.com

তারিখ: ০৯/০৯/২০২৪ খ্রি

স্মারক নং: ইআবি/প.নি/সনদ-নীতিমালা/২০১৯/

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পিএস টু ভাইস-চ্যান্সেলর (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ভাইস-চ্যান্সেলর দপ্তর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. জনসংযোগ তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।
৫. অধ্যক্ষ/ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
৬. অফিস নথি।

(মো: আবদুল হান্নান)
সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

মোবাইল: ০১৮৪২ ৮১৬৯২০